

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

তারিখ: ২৭ পৌষ, ১৪২৯
২১ জানুয়ারি, ২০২৩

নম্বর-৫২.০১.০০০০.১০৪.১১.০০৪.২২.০২২০

বিষয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র রাজস্ব খাতভুক্ত ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার এবং সিনিয়র ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর বা কম্পিউটার অপারেটর পদ হতে 'সহকারী প্রোগ্রামার' পদে পদোন্নতি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" এর আলোকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রিসহ ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার পদে অন্যান ০৫ (পাঁচ) বৎসর এবং সিনিয়র ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর বা কম্পিউটার অপারেটর পদে অন্যান ০৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে সহকারী প্রোগ্রামার পদে পদোন্নতির বিধান রয়েছে। পদোন্নতির কার্যক্রম গ্রহণের নিমিত্ত ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার এবং সিনিয়র ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর বা কম্পিউটার অপারেটর পদধারীদের নিম্নলিখিত কাগজপত্রাদি/তথ্যাদি আগামী ২৬.০১.২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

- ১। পদোন্নতির আবেদনপত্র;
- ২। হালনাগাদ চাকরি বহি;
- ৩। ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার পদে অন্যান ০৫ (পাঁচ) বৎসর (২০১৮-২০২২ সাল পর্যন্ত) এবং সিনিয়র ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর বা কম্পিউটার অপারেটর পদে অন্যান ০৭ (সাত) বৎসর (২০১৬-২০২২ সাল পর্যন্ত) এর বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর);
- ৪। প্রার্থীর বিরুদ্ধে বিভাগীয়/ফৌজদারী/দুদকের কোনো মামলা নেই মর্মে অফিস প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র;
- ৫। চাকরি স্থায়ীকরণ আদেশের কপি।

উল্লেখ্য যে, কোন ফিডার পদধারী পদোন্নতি নিতে না চাইলে 'পদোন্নতি নিতে ইচ্ছুক নই' মর্মে মহাপরিচালক মহোদয় বরাবর আবেদন করতে হবে।

এস.এম. আনিসুজ্জামান
পরিচালক(ভারপ্রাপ্ত)
ফোন: ০২-৫৫০০৭০৬৮

ই-মেইল:dir_fa&mis@bbs.gov.bd

বিতরণঃ সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

০১. পরিচালক (সকল),..... উইং, বিবিএস, ঢাকা (অধীনস্থ ডাটা এন্ট্রি/ কন্ট্রোল সুপারভাইজার, সিনিয়র ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর বা কম্পিউটার অপারেটর পদধারীদের উল্লিখিত কাগজপত্রাদি/তথ্যাদি প্রেরণের অনুরোধসহ)।
০২. পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েবসাইট এ প্রকাশের অনুরোধসহ)।
০৩. উপপরিচালক, প্রশাসন/সমন্বয়/ডিপিসি, এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
০৪. স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
০৫. স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
০৬. অফিস কপি।